



সীমিত

বর্ডার গার্ড বাংলাদেশ
৪২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, দিনাজপুর

“৬৮২১ আসবাবপত্র” এবং “৪৯৯১ অন্যান্য মেরামত ও সংরক্ষণ” কাজের বিজ্ঞপ্তি

৪৪.০২.৫২০০.১৪২.৮০০.৫২-২.১৭

তারিখ : ০৯ ডিসেম্বর ২০১৭

১। বর্ডার গার্ড বাংলাদেশ, ৪২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, দিনাজপুরের ২০১৭-২০১৮ অর্থ বৎসরের জন্য “৬৮২১ আসবাবপত্র” এবং “৪৯৯১ অন্যান্য মেরামত ও সংরক্ষণ” খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা বিওপি’র জন্য আসবাবপত্র তৈরী, সৈনিক লাইনের দক্ষিণ পূর্ব পার্শ্বের নিরাপত্তা বেষ্টনী কাঁটাতারের বেঢ়া পুনঃ সংস্কার, অধিনায়কের বাংলা মেরামত ও সংস্কার, জেসিও ও অন্যান্য পদবীর পারিবারিক বাসস্থানের দ্রেন মেরামত করা হবে। আগ্রহী ঠিকাদারগণ ছুটির দিন ব্যতিত আগামী ১০ ডিসেম্বর ২০১৭ হতে ২০ ডিসেম্বর ২০১৭ তারিখ পর্যন্ত কাজ সরেজমিনে পরিদর্শন এবং কাজের সিডিউল গ্রহণ পূর্বক ২১ ডিসেম্বর ২০১৭ তারিখ ১১৩০ ঘটিকার মধ্যে অত্র ব্যাটালিয়ন সদরে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে হবে। ঐ দিনই ১২০০ ঘটিকায় দরদাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে এবং সর্বনিম্ন দরদাতাকে উক্ত কাজের দায়িত্বার হস্তান্তর করা হবে। আসবাবপত্র খাতের সিডিউল ৪০০ টাকা এবং অন্যান্য মেরামত খাতে সিডিউল প্রতিটি ৫০০/- (পাঁচশত) টাকা প্রদানপূর্বক অফিস চলাকালীন সময়ে উল্লেখিত তারিখ পর্যন্ত ৪২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, দিনাজপুর হইতে সংগ্রহ করা যাবে। দরপত্র দাখিলের সময় প্রতিটি দরপত্রের সাথে নিয়ম মোতাবেক ৫,০০০/- (পাঁচ হাজার) টাকার ব্যাংক ড্রাফ্ট (আর্নেষ্ট মানি হিসেবে) ৪২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, দিনাজপুরের অনুকূলে দাখিল করতে হবে, অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে।

২। অধিনায়ক, ৪২ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, দিনাজপুর কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

৩

মোঃ আব্দুল আলিম খান
 অতিরিক্ত পরিচালক
 ভারপ্রাপ্ত অধিনায়ক